

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৯০.১৯-৪৯০

তারিখঃ ১০ আশ্বিন ১৪২৬ ব.  
২৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং- ৭১৬৩/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৭১৬৩/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৭১৬৩/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
৭১৬৩/২০১৯	জনাব মোঃ সোহেল রানা, পিতা- মোঃ আব্দুল মজিদ, গ্রাম- দোয়েল, ডাকঘর- তারাকান্দি, উপজেলা- কাজিপুর, জেলা- সিরাজগঞ্জ।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়, চেয়ারম্যান, বামাশিবো ও আরো অন্যান্যসহ মোট ০৫ (পাঁচ) জন।	বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের কম্পিউটার কেন্দ্রে অস্থায়ী ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত এমএলএসএস জনাব মোঃ সোহেল রানা কর্তৃক ফেল করা পরীক্ষার্থীকে পাস করিয়ে দেয়ার অভিযোগে তার বিরুদ্ধে ফৌজদারী মামলা হয় এবং জেল হাজতে পাঠানো হয়। মামলার বাদীর সাথে আপোষ করায় উক্ত মামলা হতে জনাব মোঃ সোহেল রানা খালাস পান মর্মে উল্লেখ রয়েছে। অন্য দিকে ২৮/৯/২০০৭ তারিখ হতে ধারাবাহিকভাবে অফিসে অনুপস্থিত থাকায় ০৫/১১/২০০৭ তারিখে জনাব মোঃ সোহেল রানাকে সাময়িক বরখাস্ত করা হয় মর্মে উল্লেখ করে বামাশিবো'র রেজিস্ট্রার কর্তৃক চেয়ারম্যান, বামাশিবো-কে অবহিত করে পত্র প্রেরণ কর হয়। তৎপ্রেক্ষিতে বামাশিবো'র ২৭/৫/২০১২ তারিখে অনুষ্ঠিত ১৬৮তম অধিবেশনে জনাব মোঃ সোহেল রানা'র সাময়িক বরখাস্তের আদেশ চূড়ান্ত বরখাস্ত হিসেবে অনুমোদন করা হয়। উক্ত বরখাস্ত আদেশ অনুমোদনের বিরুদ্ধে চাকুরীতে পুনর্বহারাপূর্বক বকেয়াসহ বেতন-ভাতা প্রদানের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মোঃ সোহেল রানা কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৭১৬৩/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ২৮/০৭/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে পিটিশনারকে ২৭/৫/২০১২ তারিখে অনুষ্ঠিত বামাশিবো'র ১৬৮তম অধিবেশনে চূড়ান্ত বরখাস্ত করা কেন বেআইনী ঘোষণা করা হবে না; এবং পিটিশনারকে চাকুরীতে পুনর্বহারাপূর্বক বকেয়াসহ বেতন-ভাতা প্রদানের জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ২৫/০৮/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলার বিষয়ে ব্যবস্থা গ্রহণপূর্বক সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৭১৬৩/২০১৯ মামলায় ২৮/৭/২০১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ১৫/১০/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: ফালেক মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

চেয়ারম্যান  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড  
বকশিবাজার, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৬। অফিস কপি/মাস্টার কপি।